“নিশ্চয়ই আল্লাহ তা’আলা সেসব লোকেদের শাস্তি দিবেন, যারা এ জগতে মানুষকে (অন্যায়) শাস্তি দেয়”।

হিশাম ইবনু হাকীম ইবনু হিযাম রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার সিরিয়ায় কয়েকজন মানুষের কাছ দিয়ে যাচ্ছিলেন, যাদেরকে উত্তপ্ত সূৰ্যতে দাঁড় করিয়ে রাখা হয়েছিল এবং তাদের মাথার উপর গরম তেল ঢালা হচ্ছিল। তখন তিনি বললেন, এটা কী? তাকে বলা হলো যে, তাদেরকে খাযনার জন্যে সাজা দেয়া হচ্ছে। তখন তিনি বললেন, হুশিয়ার!
আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, তিনি বলেছেন: “নিশ্চয়ই আল্লাহ তা’আলা সেসব লোকেদের শাস্তি দিবেন, যারা এ জগতে মানুষকে (অন্যায়) শাস্তি দেয়”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

হিশাম ইবনু হাকিম ইবনু হিজাম রাদিয়াল্লাহু আনহুমা শামের কিছু অনারব (পারস্য) কৃষকের পাশ দিয়ে যাচ্ছিলেন, যাদের প্রচণ্ড রোদে দাঁড় করানো হয়েছিল। তিনি তাদের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করলেন? তিনি তাদের জানান যে তাদের সাথে এটি করার কারণ তারা (জিজিয়া) দিতে সক্ষম হওয়া সত্ত্বেও তা করেনি। হিশাম রাদিয়াল্লাহু আনহু বলেন: আমি সাক্ষ্য দিচ্ছি যে আমি আল্লাহর রাসূল-কে বলতে শুনেছি, তিনি বলেছেন: যারা এই পৃথিবীতে হক ছাড়া অন্যায়ভাবে মানুষকে শাস্তি দেয় আল্লাহ তাদের শাস্তি দিবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/8888